

না দেখিলে সেইরূপ প্রত্যয় না হয়।  
পরীক্ষা করিতে ধ্যানে বসিল সন্ধ্যায়।।  
কত পাপ করিয়াছি নাহি লেখা জেঁখা।  
দয়া করি প্রভু কি আমাকে দিবে দেখা।।  
এত ভাবি জয়চাঁদ আরোপে বসিল।  
নয়ন মুদিয়া রূপ চিন্তিতে লাগিল।।  
করণা-নিদান হরি বৃষ্টি ভক্ত মন।  
জয়চাঁদে দয়া করি দিলেন দর্শন।।  
কি সৌভাগ্য জয়চাঁদ হরি দেখা পেল।  
রসরাজ অনুরোধে হরি হরি বল।।



### জয়চাঁদের যুদ্ধ জয়

জয়চাঁদ হ'তে আছে আর এক কার্য  
ঠাকুর মহিমা সেই বড়ই আশ্চর্য্য।।  
কাছারীতে নূতন এক নায়েব আসিল।  
ভূস্বামীর ভালবাসা নায়েব পাইল।।  
চৌগাছি নিবাসী বিষুচরণ বিশ্বাস।  
সূচরিত্র খবল প্রতাপে হ'ল যশ।।  
নায়েবের নিজ জমিদারী ল'য়ে গোল।  
বিপক্ষ পক্ষের সঙ্গে বাঁধিল কোন্দল।।  
বিপক্ষে প্রধান জমিদার একজন।  
মহা হলস্থূল হ'ল বেঁধে গেল রণ।।  
যেদিন হইবে যুদ্ধ তিন দিন অথে।  
বড় চিন্তায়ুক্ত বাবু কিবা আছে ভাগ্যে।  
জয়চাঁদে কহে কেঁদে হইয়া কাতর।  
বল 'ওহে জয়চাঁদ কি হইবে মোর।।  
তিনদিন পরে এই যুদ্ধ দিতে হ'বে।  
যুদ্ধে না পারিলে মম বাড়ী লুঠে নিবে।।  
সিপাহী লইয়া তুমি মম বাড়ী যাও।  
এ বিপদ হ'তে তুমি আমাকে বাঁচাও।।

মোর দেশে সিপাহী আছে'ত ভাল ভাল।  
তবু মোর শাস্তি নাই চিন্তা নাহি গেল।।”  
তাহা শুনি জয়চাঁদ করিল স্বীকার।  
যা করেন হরিচাঁদ করিব সমর।।  
আটজন সিপাহী লইয়া জয়চাঁদ।  
যাত্রা করে জয়চাঁদ স্মরি হরিচাঁদ।।  
চৌগাছি দিনের মধ্যে উতরিল গিয়ে।  
তিনদিন পরে রণ হইবে ভাবিয়ে।।  
নিরস্ত আছে সে সিপাহী নয়জন।  
অপর সিপাহী আর নাহি একজন।।  
দুইদিন পরে রণ জনরব আছে।  
দেশীয় সিপাহীগণ কেহ না এসেছে।।  
একদিন অথে বিপক্ষেরা দিল হানা।  
রণোন্মত্ত কেহ কার নাহি শুনে মানা।।  
মহারোল গণ্ডগোল সমরের ধ্বনি।  
নায়েব হইল ব্রহ্ম সেই ধ্বনি শুনি।।  
অট্টালিকা পর গিয়া দেখিবারে পায়।  
বিপক্ষ দল এসে হ'য়েছে উদয়।।  
দু'টি মত্ত হস্তী আর চারিটি তুরঙ্গ।  
লোক পাঁচ-ছয়শত করে রণরঙ্গ।।  
একহস্তী উপরে মাহুত একজন।  
বন্দুক লইয়া করে আর দুইজন।।  
অশ্বোপরে অশ্বারোহী বন্দুক করেতে।  
ঢাল-তলোয়ার করে, পদাতিক সাথে।।  
তলোয়ার ভাজায়েছে শড়্কী ঝাঁকিছে।  
রবির কিরণে ঝিকিমিকি করিতেছে।।  
তাহা দেখি নায়েবের উড়িল পরাণ।  
জয়চাঁদে কহে কেঁদে 'গেল ধনপ্রাণ।।  
তুমি মম ধর্মবাপ কি কহিব আর।  
দয়া করি কর মোরে বিপদে নিস্তার।।  
জয়চাঁদ বলে 'মোর যা থাকে কপালে।  
চেষ্টা করি দেখি বাবা হরিচাঁদ বলে।।”